

## অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০২৩ এর লিখিত পরীক্ষা অনুষ্ঠান বিষয়ে স্পষ্টীকরণ

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর ব্যবস্থাপনায় আগামী ১২ ও ১৩ জুলাই ২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০২৩ এর লিখিত পরীক্ষার পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে বিভ্রান্ত করার জন্য উদ্দেশ্য প্রণোদিতভাবে কিছু কুচক্রী মহল বিভিন্ন নিউজ পোর্টালের মাধ্যমে লিখিত পরীক্ষা স্থগিতকরণ সম্পর্কে মিথ্যা, বানোয়াট ও ভিত্তিহীন সংবাদ প্রকাশ করছে যা জনমনে বিভ্রান্তি সৃষ্টি করছে। বিশেষ করে সামাজিক যোগাযোগ মাধ্যমে তা ব্যাপকভাবে প্রচার করা হচ্ছে। **এসব অপসংবাদে বিভ্রান্ত না হওয়ার জন্য আহ্বান জানানো হচ্ছে।**

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর ব্যবস্থাপনায় **অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০২৩ এর লিখিত পরীক্ষা আগামী ১২ ও ১৩ জুলাই ২০২৪ তারিখ দেশের ৮টি বিভাগীয় জেলা (ঢাকা, বরিশাল, চট্টগ্রাম, খুলনা, ময়মনসিংহ, রাজশাহী, রংপুর ও সিলেট) শহরের বিভিন্ন ভেন্যুতে অনুষ্ঠিত হবে।** ১২ জুলাই ২০২৪ তারিখ সকাল ০৯:০০টা হতে দুপুর ১২:০০টা পর্যন্ত স্কুল-২ ও স্কুল পর্যায়ের লিখিত পরীক্ষা এবং ১৩ জুলাই ২০২৪ তারিখ সকাল ০৯:০০টা হতে দুপুর ১২:০০টা পর্যন্ত কলেজ পর্যায়ের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা অনুষ্ঠানের যাবতীয় প্রস্তুতি ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে।



২০.০৭.২৪

(মুহম্মদ নুরে আলম সিদ্দিকী)

সদস্য (যুগ্মসচিব)

পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন

এনটিআরসিএ, ঢাকা।